দৈনিক ইনকিলাব

055

03 NOV 198[illegible]
তারিখ ...
পৃষ্ঠা ... ৮ ...

# উপজেলা পরিক্রমা

# রাউজান

।। মোঃ দিদারুল আলম ।।

চট্টগ্রাম শহর থেকে ১৮ মাইল উত্তর-পূর্ব দিকে মনোরম পরিবেশে রাঙ্গামাটি সড়কে অবস্থিত রাউজান উপজেলা। কবি দৌলত কাজী, কবি হামিদ আলী ও বিপ্লবী সৈনিক সূর্য সেনের এই রাউজান।

৯৪ বর্গমাইল আয়তনের মধ্যে সর্বমোট ২ লাখ ৬৭ হাজার ৮শ' ৭৫ জন লোকের বাস। তার মধ্যে পুরুষ ১ লাখ ৩৩ হাজার ২শ' ৫০ জন, মহিলা ১ লাখ ৩৪ হাজার ৬ শ' ২২ জন। ৭৪টি গ্রাম, ৬০টি মৌজা ও ১৫টি ইউনিয়ন নিয়ে গঠিত এ উপজেলা। সবদিকে গুরুত্বপূর্ণ হলেও এখনও নানাবিধ সমস্যায় জর্জরিত।

## শিক্ষা ব্যবস্থা

রাউজান উপজেলায় ৩টি ডিগ্রী কলেজ, ১টি প্রকৌশল মহাবিদ্যালয়, ৩৪টি উচ্চ বিদ্যালয়, ৮টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ১৪৫টি প্রাথমিক বিদ্যালয়, ৬টি সিনিয়র মাদ্রাসা, ১৭টি জুনিয়র মাদ্রাসা, ৮৮টি ফোরকানিয়া মাদ্রাসা ও ৩টি এতিমখানা রয়েছে। এসব প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় আসবাবপত্র, বিজ্ঞানের যন্ত্রপাতি, পাঠাগারের অভাব রয়েছে।

## যোগাযোগ

রাউজান উপজেলা সদরের যোগাযোগ ব্যবস্থা মোটামুটি ভাল থাকলেও গ্রাম অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা খুবই অনুন্নত। পাকা রাস্তা ৩টি, কাঁচা রাস্তা ২৫০টি, খাল ১৮টি, পাকা পুলের সংখ্যা ২৩৮টি, কাঠের পুলের সংখ্যা ২০৯টি।

## কৃষি ব্যবস্থা

এই উপজেলার শতকরা ৬০ ভাগ লোক কৃষিজীবী। উপজেলায় মোট জমি ৭২ হাজার ৯শ' ২০ একর। চাষাবাদযোগ্য জমির পরিমাণ ৫০ হাজার ২শ' ৩০ একর। অনাবাদী জমির পরিমাণ ২২ হাজার ৬শ' ৯০ একর। কৃষি পরিবার সংখ্যা ২৪ হাজার ৪শ' ৫০টি। সেচ ব্যবস্থার জন্য শক্তিচালিত পাওয়ার পাম্প ৪৩০টি, গভীর নলকূপ ৮টি ও অগভীর নলকূপ ৮টি রয়েছে। এ উপজেলায় মোট বনভূমি ১৫ হাজার ১শ' ৭ একর। তার মধ্যে ৩টি রাবার বাগান রয়েছে।

## হাট-বাজার

রাউজান উপজেলায় ২৮টি ছোট-বড় বাজার রয়েছে। তবে উপজেলার সদরে অবস্থিত ফকিরহাট বাজারটি ময়লা ও আবর্জনার স্তূপে পরিণত হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের নজরে পড়েও যেন পড়ছে না।

## চিকিৎসা ব্যবস্থা

উপজেলাবাসীর চিকিৎসা সুবিধা দিতে রয়েছে ১টি হসপাতাল। ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র ৪টি, উপ-স্বাস্থ্য কেন্দ্র ৩টি। প্রত্যন্ত অঞ্চল থেকে হাজার হাজার রোগী চিকিৎসার জন্য এসব স্থানে এসে ফিরে যায়। কারণ প্রয়োজনীয় ওষুধ নেই। বাজার হতে চড়া দামে ওষুধ কিনতে হয়। হাসপাতালগুলোতে এক রকম রঙ্গিন পানি রোগীকে দেয়া হয়।